

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
প্রশাসন (কর্মচারী) অধিশাখা
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.moind.gov.bd

স্মারক নম্বর-৩৬.০০.০০০০.০০০.০৪৭.১১.০০০১.২৫-৩৬৭

তারিখ: ০৯ কার্তিক ১৪৩৩
২৫ অক্টোবর ২০২৬

নিয়োগপত্র

শিল্প মন্ত্রণালয়ের জনবল নিয়োগ সংক্রান্ত 'বিভাগীয় নির্বাচন/পদোন্নতি কমিটি'র সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পরিপ্রেক্ষিতে 'বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহিভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ (এস. আর. ও. নং ২৯৯-আইন/২০২০)' অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ের রাজস্বখাতভুক্ত 'অফিস সহায়ক' পদে জাতীয় বেতন স্কেল-২০২৬ অনুযায়ী টাকা: ২০,০০০-৪৮,৪০০/- (গ্রেড-২০) বেতনক্রমে (তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতা ও সুবিধাদিসহ) নিম্নবর্ণিত প্রার্থীগণকে বর্ণিত শর্তসাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

অপেক্ষমাণ মেধাক্রম	রোল নম্বর	নাম, পিতার নাম ও মাতার নাম	স্থায়ী ঠিকানা
৩	১৪০০১৯০০	নামঃ তোফায়েল আলম পিতার নামঃ রিয়াজ উদ্দিন মাতার নামঃ রাশিদা বেগম	গ্রাম: মেরীগাই ডাকঘর: হরিনাদী পোস্ট কোড: ২২৫০ উপজেলা: ফুলপুর জেলা: ময়মনসিংহ
৪	১৪০০১৫৬১	নামঃ ইয়াহইয়া পিতার নামঃ আশরাফ আলী মাতার নামঃ রুপবান বেগম	গ্রাম: ঢেংগারগড় ডাকঘর: ঢেংগারগড় পোস্ট কোড: ২০২০ উপজেলা: ইসলামপুর জেলা: জামালপুর

শর্তাবলি:

- যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে;
- চাকরিতে যোগদানের সময় ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, চাকরির আবেদনে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, লিখিত পরীক্ষার প্রবেশপত্র, আবেদনপত্র (Applicant's Copy) এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য সনদপত্রের সত্যায়িত ০১ (এক) কপি জমা প্রদান করতে হবে;
- নিয়োগপ্রাপ্ত কর্মচারীর দাখিলকৃত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র এবং দাখিলকৃত অন্য কোন সনদে কোন ভুল বা অসামঞ্জস্য পরিলক্ষিত হলে অথবা নিয়োগপ্রাপ্ত কর্মচারী কর্তৃক প্রদত্ত কোন তথ্যে গড়মিল পাওয়া গেলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংশ্লিষ্ট কর্মচারীর নিয়োগ আদেশ বাতিলপূর্বক চাকুরি হতে অব্যাহতি প্রদান করতে পারবে;
- নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় নিজ জেলার সিভিল সার্জন অথবা বাংলাদেশ সচিবালয় ক্লিনিকের সিভিল সার্জন এর নিকট স্বাস্থ্য পরীক্ষা করে স্বাস্থ্য পরীক্ষার সনদ ও ডোপ টেস্ট রিপোর্ট যোগদানের সময় দাখিল করতে হবে। এক্ষেত্রে সরকারি বিধি-বিধান প্রযোজ্য হবে;
- যোগদানের পরে দ্রুততম সময়ের মধ্যে প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করা হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থীর স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার মিথ্যা তথ্য প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে তাকে চাকুরি হতে অব্যাহতি প্রদান করা হবে;
- চাকুরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকারনামা দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং যৌতুক দিবেন না;
- The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত ব্যক্তির সকল স্বাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী (জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্দিষ্ট ফরমে) সম্বলিত একটি ঘোষণাপত্র চাকুরিতে যোগদানের সময় জমা দিতে হবে;
- চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র সংগ্রহ করে যোগদানপত্র দাখিল করতে হবে;
- প্রার্থীকে বিধি মোতাবেক ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। কর্তৃপক্ষ প্রয়োজনে উক্ত শিক্ষানবিশকাল আরও ০২ (দুই) বছর পর্যন্ত বর্ধিত করতে পারবে। শিক্ষানবিশ থাকাকালে আচরণ ও কর্ম সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ চাকুরির অবসান ঘটাতে পারবেন;

চলমান পাতা: ২


হুমায়ম

- (ঞ) শিক্ষানবিশকাল সম্ভাষণজনকভাবে পূর্ণ হওয়ার পর বিধি মোতাবেক তীর চাকুরি স্থায়ী করা হবে;
- (ট) যদি চাকুরি হতে ইস্তফা দিতে চান, তবে যে তারিখ হতে ইস্তফা দেবেন সে তারিখের ০১ মাস পূর্বে লিখিতভাবে কর্তৃপক্ষকে জানাতে হবে। অন্যথায় ০১ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ শিল্প মন্ত্রণালয়ের নির্ধারিত কোডে জমা দিতে বাধ্য থাকবেন;
- (ঠ) জাতীয় বেতন স্কেল-২০২৬ অনুযায়ী মাসিক বেতন ও আনুষঙ্গিক ভাতাদি প্রাপ্য হবেন;
- (ড) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক বর্তমানে প্রচলিত অথবা ক্ষেত্রবিশেষে ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে চাকুরি নিয়ন্ত্রিত হবে;
- (ঢ) চাকুরিতে তাদের জ্যেষ্ঠতা বিধি মোতাবেক নির্ধারিত হবে;
- (ণ) চাকুরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০২। নিয়োগপত্র প্রার্থীদের স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলো। যোগদানের সময় মূল নিয়োগপত্র প্রদর্শন করতে হবে।

০৩। উল্লিখিত শর্তাবলির আওতায় চাকুরিতে যোগদানে সম্মত হলে আগামী ২২/১১/২০২৬ খ্রি. তারিখে অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয়, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদানে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

০৪। উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নিয়োগপত্র জারী করা হলো।


(রমেন্দ্র নাথ বিশ্বাস)

উপসচিব

ফোন: +৮৮-০২-২২৩৩৮২৫৫৬


ই-মেইল: dsadmin@moind.gov.bd

স্মারক নম্বর-৩৬.০০.০০০০.০০০.০৪৭.১১.০০০১.২৫-৩৬৭/১(১৫)

তারিখ: ০৯ কার্তিক ১৪৩৩
২৫ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা;
- ০৪। অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয়, ঢাকা;
- ০৫। যুগ্মসচিব (সকল), শিল্প মন্ত্রণালয়, ঢাকা;
- ০৬। মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৭। সচিবের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৮। সিভিল সার্জন (সংশ্লিষ্ট জেলা)/বাংলাদেশ সচিবালয় ক্লিনিক,.....;
- ০৯। সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয়, ঢাকা;
- ১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিল্প মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা;
- ১১। হিসাবরক্ষণ কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা;
- ১২। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা;
- ১৩। জনাব তোফায়েল আলম, অফিস সহায়ক, শিল্প মন্ত্রণালয়, ঢাকা;
- ১৪। জনাব ইয়াহইয়া, অফিস সহায়ক, শিল্প মন্ত্রণালয়, ঢাকা;
- ১৫। অফিস কপি/মাস্টার ফাইল


(রমেন্দ্র নাথ বিশ্বাস)
উপসচিব